


কোনটি চাই ফটোশপ না ইলাস্ট্র্যাটর

আহমদ ওয়াহিদ মাসুদ

অনেকেই আছেন, যারা ফটোশপ ও ইলাস্ট্র্যাটর দুটোই ব্যবহার করেছেন, কিন্তু জানেন না কখন কোনটি ব্যবহার করতে হবে। তাই অনেক সময়ই তাদের মনে প্রশ্ন ওঠে কোনটি ভালো- ফটোশপ না ইলাস্ট্র্যাটর। এ লেখায় এই দুটি জনপ্রিয় সফটওয়্যারের পার্থক্য এবং কার্যক্ষমতা নিয়ে আলোচনা করা হয়েছে।

১৯৮৮ সালে প্রথম মুক্তি পেয়েছিল বিশ্বের সবচেয়ে জনপ্রিয় ছবি এডিটিং সফটওয়্যার ফটোশপ। এটি এখনও এর জনপ্রিয়তা ধরে রাখতে সক্ষম হয়েছে। আজও অসংখ্য ডিজাইনারের একমাত্র ব্যবহার করা প্রিয় সফটওয়্যার এটি। শুরুতে মূলত এটি ফটোগ্রাফারদের জন্য বানানো হয়েছিল তাদের তোলা ছবিগুলো এডিট করতে। এখনও এটি তার মূল উদ্দেশ্য ধরে রেখেছে। অর্থাৎ এখনও অনেক ফটোগ্রাফার আছেন, যারা তাদের ক্যামেরায় তোলা ছবি পাবলিশ করার আগে প্রথমেই ফটোশপে নিয়ে এডিট করে নেন। তবে বর্তমানে ফটোশপের বিভিন্ন প্রয়োজনীয় টুলের কারণে এর ব্যবহারের সীমা অনেক বিস্তৃত হয়েছে।

ইলাস্ট্র্যাটর আসলে ফটোশপের আগে রিলিজ করা হয়েছিল, ১৯৮৭ সালে। তখন এর মূল উদ্দেশ্য



সফটওয়্যারই ভালো। তবে কোন কাজ কোন সফটওয়্যার দিয়ে করতে হবে, তা ইউজারকেই ঠিক করতে হবে। এ লেখায় একটি স্বাভাবিক ধারণা দেয়া হবে, কখন কোনটি ব্যবহার করা উচিত।

লোগো ডিজাইন : ইলাস্ট্র্যাটর

লোগো ডিজাইনের কাজ ফটোশপ দিয়েও করা যায়। তবে সে ক্ষেত্রে লোগোটি একটি বিটম্যাপ ইমেজ হিসেবে গণ্য হবে। অর্থাৎ তার কাজ হবে পিক্সেলের ওপর ভিত্তি করে। ফলে ছবিটিকে যদি অনেক বড় জায়গায় প্রিন্ট করা হয়, তাহলে লোগোটিকে রিসাইজ করে বড় করতে হবে। আর যেহেতু এটি পিক্সেলভিত্তিক ছবি, তাই

এটিকে রিসাইজ করেন, তাহলে তা ঘোলা হয়ে যাবে। কিন্তু ইউজার যদি এটিকে ইলাস্ট্র্যাটরে নিয়ে শেপে কনভার্ট করেন, তাহলে তা একটি জ্যামিতিক শেপ হিসেবে কাজ করবে। অর্থাৎ তখন কমপিউটার মনে করবে না যে, কোথায় কী কালারের পিক্সেল আছে। কমপিউটার তখন মনে করবে, এখানে একটি বৃত্ত আছে, যার মাঝে আছে কেন্দ্র এবং যার ব্যাসার্ধ একটি নির্দিষ্ট সংখ্যা। এখন ইউজার ওই বৃত্তকে বড় করতে চাইলে এখানে কিন্তু কোনো পিক্সেল রিসাইজ হবে না। বরং শুধু বৃত্তের ব্যাসার্ধ বাড়বে। ভেতরের নকশার ক্ষেত্রেও একইভাবে হিসাব করা হবে।

স্কেচ আঁকা : ইলাস্ট্র্যাটর

দুটো সফটওয়্যার দিয়েই স্কেচ আঁকা যায়। তবে ইলাস্ট্র্যাটরে অনেক দ্রুত স্কেচ আঁকা সম্ভব। একই কাজ ফটোশপে করতে হলে অনেক ধরনের টুল এবং অপশন ব্যবহার করতে হবে। তাই এ ক্ষেত্রেও ইলাস্ট্র্যাটর ব্যবহার করা উচিত। তবে অনেক সময় নির্দিষ্ট ছবির টাইপের ওপর নির্ভর করে কোন সফটওয়্যার ব্যবহার করতে হবে। যেমন- ইউজার যদি চান তার ছবিকে সাদা-কালো করে হাক্সা নিয়েজের টেক্সচার দিতে, তাহলে



ফটোশপে তা করা উচিত। কিন্তু ইউজার যদি চান তার ছবি শুধু সাদা ও কালো কালারের স্কেচ হবে, তাহলে ইলাস্ট্র্যাটর ব্যবহার করা উচিত। এটি হলো ছোট একটি উদাহরণ। এ ধরনের অনেক পরিস্থিতি আসে, যেটা দেখে ইউজারকে ঠিক করতে হয় তার কোনটা ব্যবহার করা উচিত।

নষ্ট হওয়া ছবি ঠিক করা : ফটোশপ

এ ক্ষেত্রে ফটোশপই জিতবে। ফটোশপে ছবি ঠিক করার, পিক্সেল ক্লোন করার, ব্লার করার বা পিক্সেল গুভারল্যাপ করে মিশিয়ে দেয়ার অনেক টুল আছে, যেগুলো ইলাস্ট্র্যাটরে সেভাবে ব্যবহার করা যায় না। আর নষ্ট ছবি ঠিক করার জন্য এ ধরনের টুলের অনেক প্রয়োজন।

সবশেষে যদি প্রশ্ন করা হয় কোনটি ভালো, তাহলে এক কথায় উত্তর হলো- কোনোটাই নয়। দুটিই অসাধারণ মানের সফটওয়্যার এবং একেকটির কাজ একেকরকম। ভবিষ্যতে এদের ব্যবহারের পার্থক্য নিয়ে আরও আলোচনা করা হবে। তবে ইউজারের নিজের কাজের সুবিধার জন্যই কোনো কাজ করার আগে তার ওপর ইন্টারনেটে রিসার্চ করে নেয়া উচিত। তা না হলে দেখা যাবে সহজ একটি কাজ করতে অনেক বেশি শ্রম এবং সময়ের অপব্যয় হতে পারে।

ফিডব্যাক : wahid_cseast@yahoo.com

ম্যানিপুলেশন ইফেক্ট : ফটোশপ

ম্যানিপুলেশন ইফেক্ট মানে একটি ছবির মাঝে নতুন কিছু এনে এমনভাবে এডিট করা, যাতে তা দেখতে আসল ছবি মনে হয়। যেমন- একটি মানুষ তার ঘরের মাঝে বসে নিজের ছবি তুলল। এখন সে যদি ফটোশপ দিয়ে নিজের ছবিকে কেটে কোনো নদীর পাড়ে বসিয়ে দেয়, তাহলে তা হলো একটি ম্যানিপুলেশন। এ ধরনের কাজ ফটোশপে অনেক ভালো হবে। কারণ এ ধরনের এডিট করার জন্য যেসব টুল দরকার, তা ফটোশপে ভালোভাবে দেয়া আছে। ইলাস্ট্র্যাটরে এ ধরনের এডিটের জন্য টুল তেমন দেয়া হয়নি।



ছিল টাইপ সেটিং এবং লোগো ডিজাইনিং। তবে বর্তমানে অসংখ্য গ্রাফিক্স ডিজাইনার ইলাস্ট্র্যাটর সুন্দর সুন্দর ডিজাইন এবং গ্রাফিক্যাল এলিমেন্ট তৈরি করার জন্য ব্যবহার করেন। এলিমেন্ট বলাতে সুন্দর বাটন, আইকন, ভেক্টর আর্ট ইত্যাদি বোঝায়। দুটো সফটওয়্যারই এখন শক্তিশালী অ্যাডোবি ক্রিয়েটিভ ক্লাউড স্যুটের অন্তর্গত।

বিভিন্ন ডিজাইনার বা এডিটরের মনে সবচেয়ে বেশি সাধারণ প্রশ্ন, কোনটি ব্যবহার করা উচিত- ফটোশপ না ইলাস্ট্র্যাটর। প্রশ্নের ধরন অনুযায়ী এর উত্তরটাও ছোট। এটি নির্ভর করে কী ধরনের কাজ করতে হবে তার ওপর। বিভিন্ন কাজের জন্য দুটি

এ ক্ষেত্রে ছবির মান খারাপ হয়ে যাবে। ফলে প্রিন্ট করলে ঘোলা আসবে।

এ ক্ষেত্রে ইলাস্ট্র্যাটর ব্যবহার করা উচিত। কারণ ইলাস্ট্র্যাটরের কাজ ভেক্টরভিত্তিক। অর্থাৎ এটি কোনো বিটম্যাপ ইমেজের অংশ নয়। তাই ইলাস্ট্র্যাটরে একটি ছবিকে শেপে রূপান্তর করে যত ইচ্ছে বড়-ছোট করলেও ছবির মান খারাপ হবে না। কাজটি কীভাবে সম্পন্ন হয়, তা বলার জন্য ছোট একটি উদাহরণ দেয়া যাক। ধরা যাক, ইউজারের কাছে একটি লাল বৃত্তের মাঝের কিছু নকশার ছবি আছে। ইউজারের দায়িত্ব হলো সেটি একটি বিলবোর্ডে প্রিন্ট করা। এখন ইউজার যদি ফটোশপে